কালের কণ্ঠ

24 JAN 2017 2 8

হাইকোর্টের নির্দেশ

# গফরগাঁওয়ের ২৯ শিক্ষার্থীকে প্রবেশপত্র দিন

নিজস্ব প্রতিবেদক ▷

ময়মনসিংহের গফরগাঁও উপজেলার রওহা হাই স্কুলের ২৯ শিক্ষার্থীকে অবিলম্বে এসএসসি পরীক্ষার প্রবেশপত্র দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বিশেষ দূতের মাধ্যমে শিক্ষার্থীদের কাছে প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড পৌঁছাতে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের মহাপরিচালককে নির্দেশ দেওয়া হয়েছে।

গতকাল বিচারপতি তারিক উল হাকিম ও বিচারপতি এম ফারুকের হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। প্রবেশপত্র না পাওয়া শিক্ষার্থীদের করা এক রিট আবেদনে এই আদেশ দেওয়া হয়।

আইনজীবীরা জানান, আগামী ১ ফেব্রুয়ারি সারা দেশে একযোগে এসএসসি পরীক্ষা শুরু হওয়ার কথা রয়েছে। এ পরীক্ষায় অংশ নেওয়ার জন্য ময়মনসিংহের গফরগাঁও উপজেলার রওহা হাই স্কুলের শিক্ষার্থীরা নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফি জমা দেয়। তাদের মধ্যে কিছু শিক্ষার্থীকে শিক্ষা বোর্ড প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড দিলেও ২৯ শিক্ষার্থীকে দেয়নি।